

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১



নং-৪৫.১৬২.১১৬.০০.০০.০৩১.২০১৯-১২৬

৬ শ্রাবণ ১৪২৭
২১ জুলাই ২০২০

বিষয়: ঢাকাস্থ সাহাবুদ্দিন মেডিকেল কলেজ হাসপাতালে র্যাভের অভিযান এবং কোভিড-১৯ সেবায় অনিয়ম, অবহেলা ও প্রত্যারণার অভিযোগ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজধানীর গুলশানে বেসরকারি সাহাবুদ্দিন মেডিকেল কলেজ হাসপাতালে গত ১৯-০৭-২০২০ খ্রি: তারিখে র্যাভের পরিচালিত অভিযানে অনুমতি ছাড়াই করোনা ভাইরাসের অ্যান্টিবডি পরীক্ষা এবং পরীক্ষা না করে ভুয়া রিপোর্ট প্রদানেরও অভিযোগের সত্যতা পাওয়া গেছে। সরেজমিনে পরিদর্শন ব্যতীত সাহাবুদ্দিন মেডিকেল কলেজসহ আরও চারটি বেসরকারি করোনা পরীক্ষা কেন্দ্রের প্রস্তুতির আগেই স্বাস্থ্য অধিদপ্তরের অনুমতি প্রদান করা হয়েছিল মর্মে জানা যায়। র্যাভের অভিযান পরিচালনাকালে নির্বাহী ম্যাজিস্ট্রেট সারোয়ার আলম জানান, করোনা পরীক্ষার অনুমতি স্থগিত করা হলেও সাহাবুদ্দিন মেডিকেল কলেজ বেআইনিভাবে করোনা ভাইরাসের অ্যান্টিবডি পরীক্ষা করছিল। হাসপাতালটি বাইরে থেকে নমুনা পরীক্ষা করিয়ে প্রতিবেদন দিচ্ছিল। বাইরে থেকে নমুনা পরীক্ষা করে এনে ফলাফল দেয়া বেআইনি। এ নিয়ে দেশের বিভিন্ন পত্র পত্রিকা ও নিউজ চ্যানেলগুলো প্রতিবেদন প্রকাশ করেছে যাতে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে।

২। এমতাবস্থায়, নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) সাহাবুদ্দিন মেডিকেল কলেজ হাসপাতাল এর লাইসেন্স নবায়ন ও সরেজমিনে পরিদর্শন ব্যতীত কোভিড-১৯ পরীক্ষা অনুমতি কিভাবে দেয়া হয়েছে তার ব্যাখ্যা;
(খ) দেশের কতগুলো বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্স হালনাগাদ করা হয়েছে এবং নবায়ন করা হয়নি এমন প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ তালিকা প্রেরণ।

Handwritten signature and date: 22/07/2020

(উম্মে হাবিবা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯৪৪

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালি, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪. অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫. যুগ্মসচিব (সরকারি/বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ।